# মোজাফফরের বিচার হবে অন্য আসামিদের মতোই: স্বরাষ্ট্রমন্ত্রী




ছবি: সংগৃহীত

সাবেক সেনা কর্মকর্তা ও জিয়াউর রহমান হত্যা মামলার পলাতক আসামি মোজাফফর হোসেনকে আটক করে সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, মামলার অন্য আসামিদের ক্ষেত্রে যেভাবে আইনগত প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে, মোজাফফর হোসেনের ক্ষেত্রেও একইভাবে বিচার কার্যক্রম পরিচালিত হবে।

শুক্রবার (১৭ জুলাই) কক্সবাজারে বন্যাদুর্গত মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, বিষয়টি বর্তমানে সেনাবাহিনীর তত্ত্বাবধানে রয়েছে এবং আইন অনুযায়ী পরবর্তী কার্যক্রম এগিয়ে নেওয়া হবে।

বন্যা পরিস্থিতি নিয়ে তিনি বলেন, দেশের কয়েকটি জেলা সাম্প্রতিক বন্যায় ব্যাপক ক্ষতির মুখে পড়েছে। এর মধ্যে চট্টগ্রাম বিভাগের কয়েকটি জেলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া সিলেট বিভাগসহ দেশের আরও বিভিন্ন অঞ্চলে বন্যার প্রভাব পড়েছে।

তিনি বলেন, ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে সমন্বিতভাবে ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। যেসব অঞ্চলে ক্ষয়ক্ষতি বেশি হয়েছে, সেখানে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম তদারকির দায়িত্ব মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের মধ্যে ভাগ করে দেওয়া হয়েছে।

সালাহউদ্দিন আহমদ জানান, বন্যায় ক্ষতিগ্রস্ত অবকাঠামো ও অন্যান্য খাতের ক্ষয়ক্ষতির তালিকা প্রস্তুত করা হচ্ছে। জরিপ শেষে দ্রুত পুনর্বাসন কার্যক্রম শুরু করা হবে। পাশাপাশি কৃষি উৎপাদন সচল রাখতে কৃষকদের প্রয়োজনীয় বীজ, চারা, সার এবং অন্যান্য উপকরণ সরবরাহের উদ্যোগ নেওয়া হবে।

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সরকারের বিভিন্ন কর্মসূচির কথাও তুলে ধরেন তিনি। উপকূলীয় এলাকায় বনায়নের পাশাপাশি দেশের অন্যান্য অঞ্চলেও পরিবেশ সুরক্ষায় বনায়ন কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনার কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী।